

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক ।- The Customs Act, 1969 (IV of 1969) এর section 25A এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রি-শিপমেন্ট ইস্পেকশন বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ২ এর

- (ক) দফা (ক) এর উপ-দফা (অ) এ “পণ্যের মূল্য নির্ধারণ এবং” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) দফা (ক) এ উপ-দফা (খ) এ “এই বিধিমালা বা বোর্ডের এতদসংশ্লিষ্ট” শব্দগুলির পরিবর্তে “এই বিধিমালার আওতায় বা সময় সময় বোর্ড কর্তৃক জারীকৃত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) দফা (ড) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ড) প্রতিস্থাপিত হইবে -  
“(ড) ‘রিভিউ কমিটি’ অর্থ এই বিধিমালার বিধি ২৩ এর অধীন গঠিত রিভিউ কমিটি;”;

(২) বিধি ৮ এর দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে -

“(২) পণ্য পরিদর্শকালে ইনভয়েস ও প্যাকিং লিস্টের সাথে পণ্যের বর্ণনা, পরমাণ ও গুণগতমান যাচাই;”;

(৩) বিধি ৯ এর -

(ক) দফা (৮) এর শেষে “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (৯) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৯) প্রতিস্থাপিত হইবে -

“(৯) বোর্ড কর্তৃক নির্ধারিত রাসায়নিক পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্য পরিদর্শনের অতিরিক্ত হিসাবে পণ্যের উৎপাদক/রপ্তানীকারক/সরবরাহকারীর নিকট হইতে chemical analysis report ও প্রাসংগিক অন্যান্য তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পূর্বক, পরিদর্শন সংস্থা প্রত্যয়নপত্রের সাথে নিজস্ব লেটার হেড প্যাডে লিপিবদ্ধ মন্তব্য সংযুক্ত করিবে এবং যেইক্ষেত্রে পণ্যের উৎপাদক/রপ্তানীকারক/সরবরাহকারী, উক্ত তথ্য, পরিদর্শন সংস্থাকে প্রদানে সম্মত হইবে না সেইক্ষেত্রে পরিদর্শন সংস্থা NNRF ইস্যু করিবে;”;

(গ) দফা (৯) এর শেষে “এবং” শব্দটি সংযোজিত হইবে এবং নিম্নরূপ নৃতন দফা (১০) সংযোজিত হইবে -

“(১০) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত CRF কে বিতর্কিত করে আদালতে কোন বীট মামলা বৃজু করা হইলে, উক্ত মামলা যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করিবার জন্য শুল্ক কর্তৃপক্ষকে তর্কিত বিষয়ে চাহিদা মোতাবেক তথ্য সরবরাহসহ অন্যান্য সহযোগিতা প্রদান।”;

(৮) বিধি ১৪ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (৩) প্রতিস্থাপিত হইবে -

“(৩) পরিদর্শন সংস্থা, ক্ষেত্রমত, ফ্যাক্স বা ই-মেইলের মাধ্যমে প্রত্যয়নপত্র ও NNRF প্রেরণ করিতে পারিবে।”;

(৫) বিধি ১৫ এ “করিতে পারিবে” শব্দের পর “যাহাতে সুস্পষ্টরূপে সংশোধিত CRF এবং মূল CRF এর নম্বর ও ইস্যুর তারিখ লিপিবদ্ধ করিতে হইবে” শব্দগুলি সন্তুষ্টিপূর্ণ হইবে;

(৬) বিধি ১৬ এ “ব্যতিরেকে” শব্দটির পর “যে কোন পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত” শব্দগুলি সন্তুষ্টিপূর্ণ হইবে;

(৭) বিধি ১৭ এর -

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে -

“(১) বিধি ৯(৯) এ বর্ণিত কারণে কিংবা পরিদর্শন সংস্থার নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে পণ্যের মূল্য এবং এইচ, এস, কোড ব্যতীত অন্য যে কোন বিষয়ে রঞ্জনীকারক কর্তৃক প্রদত্ত ঘোষণা সংগতিপূর্ণ নহে এবং এইরূপ অসংগতি দূর করিতে রঞ্জনীকারক সম্মত নহে, তাহা হইলে পরিদর্শন সংস্থা উক্ত অসম্মতি প্রকাশের পাঁচ কার্যদিবসের মধ্যে পরিশিষ্ট-১০ অনুযায়ী এসএসআরএফ প্রেরণ করিবে।”;

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সংযোজিত হইবে -

“(৩) NNRF ভুক্ত পণ্যচালান শতভাগ সরেজমিনে পরীক্ষাপূর্বক শুল্কায়ন করিতে হইবে।”;

(৮) বিধি ১৮ এর -

(ক) দফা (খ) এর শেষে “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (গ) এর শেষে “(।) দাঢ়ির” পরিবর্তে “(; ) সেমিকোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর “এবং” শব্দটি সংযোজিত হইবে;

(গ) দফা (গ) এর পর নিম্নরূপ নতুন দফা (ঘ) সংযোজিত হইবে -

“(ঘ) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র বিষয়ে কোন বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে এই বিধিমালাকে প্রাধান্য প্রদান এবং প্রচলিত আইন/বিধানের ধারাবাহিক অনুসরণ করা।”;

(৯) বিধি ১৯ এর -

(ক) দফা (ক) এর শর্তাংশে “বোর্ড কর্তৃক নির্ধারিত” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) দফা (গ) এর “জমা প্রদান” শব্দের পর “এবং ধরনের কর্তৃন ও জমাদানের তথ্য সম্বলিত ত্রৈমাসিক রিপোর্ট জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ” শব্দগুলি সংযোজিত হইবে;

(১০) বিধি ২০ এ “সরকার যে কোন সময়, পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিতে পারিবে এবং পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করা হইলে সরকার, বোর্ডের সুপারিশক্রমে, জনস্বার্থে” শব্দগুলি পরিবর্তে “সরকার বিধি ২৬ এর বিধান সাপেক্ষে, বোর্ডের সুপারিশক্রমে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২১ এর -

(ক) দফা (ঙ) এ “পণ্য চালানের” শব্দগুলির পরে “পণ্য” শব্দটি সন্তুষ্টিপূর্ণ হইবে;

(খ) দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে -

“(ছ) এই বিধির অধীন কোন পণ্য চালান সরেজমিনে পরীক্ষা করা হইলে উহার শুল্কায়ন সরেজমিনে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে, পরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির দিন হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে, সম্পন্ন করিতে হইবে।”

(১২) বিধি ২২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২২ প্রতিস্থাপিত হইবে -

“(২২) প্রত্যয়নপত্রের ব্যবহার।- (১) কোন প্রত্যয়নপত্র বিধি ১২ মোতাবেক যথাযথ পাওয়া গেলে উহাকে শুল্কায়নের ভিত্তি হিসাবে গ্রহণ করিতে হইবে এবং পণ্যচালানের বিল অব এন্ট্রি রেজিস্ট্রেশনের তারিখ হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে উক্ত পণ্যচালানের শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে।

(২) শুল্কায়নকালে যদি সুস্পষ্টরূপে প্রতীয়মান হয় যে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়িত H.S.Code ভূল তাহা হইলে সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে আইন অনুযায়ী সঠিক কোড নির্ধারণপূর্বক শুল্কায়ন করিতে হইবে।

(৩) প্রাপ্ত সুস্পষ্ট তথ্য প্রমানের ভিত্তিতে শুল্কায়নকালে যদি এ মর্মে নিশ্চিত হওয়া যায় যে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়িত মূল্য পণ্যের বিনিময় মূল্য নয়, তাহা হইলে মূল্যায়ন বিধিমালা অনুযায়ী সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে যথাযথ বিনিময় মূল্য নির্ধারণপূর্বক শুল্কায়ন করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর বিধান অনুযায়ী শুল্কায়নজনিত কারণে প্রদেয় শুল্ক-কর আমদানিকারক নগদে পরিশোধে সম্মত হইলে পণ্যচালান চূড়ান্তভাবে শুল্কায়ন করিতে হইবে এবং নগদ পরিশোধের পরিবর্তে শুল্ক-করের সম্পরিমাণ ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে চাইলে উক্ত ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক পণ্যচালান সাময়িকভাবে শুল্কায়ন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি ও কাঁচামালের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে অংগীকারনামা প্রদান করা যাইবেঃ

আরও শর্ত থাকে যে, দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি কিংবা অঙ্গীকারনামা নিষ্পত্তির জন্য আমদানিকারক যদি বিধি ২৩(২) এর বিধনি অনুযায়ী ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের না করেন তাহা হইলে ২২তম কার্যদিবস শুল্ক কর্তৃকপক্ষ ব্যাংক গ্যারান্টি নগদায়ন এবং অঙ্গীকারনামার বিপরীতে দাবীনামায় জারীর কার্যক্রম গ্রহণ করিবেন।”;

(১৩) বিধি-২৩ এর -

(ক) উপবিধি (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে-

“(খ) সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক মনোনীত একজন শুল্ক কর্মকর্তা যিনি উহার সদস্য সচিব হইবেন,”

(খ) উপ-বিধি (১) এর দফা (গ) এ “ব্যবসায়ী সংগঠনের” শব্দগুলির পরিবর্তে “শিল্প-বণিক সমিতির” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (১) এর দফা (ঘ) এ “পরিদর্শন” শব্দের পূর্বে “সংশ্লিষ্ট” শব্দটি সান্নিবেশিত হইবে;

(ঘ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে -

“(২) প্রত্যয়ন পত্র দ্বারা পণ্য খালাসের পর যদি আমদানিকারকের নিকট প্রতীয়মান হয় যে, প্রত্যয়ন পত্রের কারণে অথবা বিধি ২২(৪) মোতাবেক সাময়িক শুল্কায়নের ফলে তিনি ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাহা হইলে পণ্য খালাসের ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে তিনি রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের করিতে পারিবেন।”

(ঙ) উপ-বিধি (৩) ও শর্তাংশে “৪৫ (পয়তাল্লিশ)” এবং “৩০ (ত্রিশ)” সংখ্যা, শব্দ ও বক্রনীয় পরিবর্তে যথাক্রমে “৩০ (ত্রিশ)” এবং “১৫ (পনের)” সংখ্যা, শব্দ ও বক্রনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) উপ-বিধি (৫) এ “সভাপতির দ্বিতীয় বা” শব্দগুলির পরিবর্তে “সভাপতি নির্ণয়ক ভোট প্রদান করিবেন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (১৪) বিধি ২৫ এর -
- (ক) উপ-বিধি (২) এ “অর্থদণ্ড” শব্দটির পরিবর্তে “দণ্ড” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
  - (খ) উপ-বিধি (২) এর টেবিলের ক্রমিক ৩ এর কলাম (৩) এর পরিবর্তে “হাণিকৃত রাজস্ব ও সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের জন্য প্রাপ্য ফি এ দুয়ের সম্পরিমাণ অর্থদণ্ড এবং সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের প্রাপ্য ফি স্থগিতকরণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
  - (গ) উপ-বিধি (২) এর টেবিলের কলাম (৪) এর পরিবর্তে “আইনের section 179 এর TABLE এ বর্ণিত সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা এবং সদস্য (শুল্ক) জাতীয় রাজস্ব বোর্ড” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
  - (ঘ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) শব্দগুলি প্রতিস্থাপিত হইবে -  
 “(৩) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী তদন্তে পরিদর্শন সংস্থার বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হইলে উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানীর সুযোগ প্রদান করিয়া বোর্ড উহার বিরুদ্ধে উপ-বিধি (২) এ উল্লিখিত টেবিলে বর্ণিত যে কোন দণ্ড আরোপ করিতে পারিবে।”
  - (ঙ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নৃতন উপ-বিধি (৪) ও (৫) সংযোজিত হইবে -  
 “(৪) উপবিধি (২) ও (৩) এ বর্ণিত কার্যক্রম ৩০ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।  
 (৫) এই বিধির অন্যত্র যাহাই থাকুক না কেন পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত কোন প্রত্যয়নপত্র তথ্য প্রমাণের ভিত্তিতে বোর্ডের নিকট অসংগতিপূর্ণ ও সরকারী রাজস্বের হানিকর প্রতীয়মান হইলে বোর্ড উক্ত প্রত্যয়নপত্রের জন্য পরিদর্শন সংস্থার প্রাপ্য ফিস স্থগিত করিতে পারিবে।”;
- (১৫) বিধি ২৩ এ “সংস্থার কার্যক্রম” শব্দগুলির পর “মনিটরিং করিবার নিমিত্তে প্রতিমাসে সভা অনুষ্ঠান করিবে” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (১৬) বিধি ৩৩ এর দফা (ক), (খ), (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) প্রতিস্থাপিত হইবে -  
 “(ক) মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনারের নিকট বিল দাখিল করিতে হইবে;  
 (খ) বাংলাদেশী টাকায় বিল দাখিল করিতে হইবে;  
 (গ) বৈদেশিক মুদ্রা রূপান্তরের ভিত্তি হইবে বিল পরিশোধের পূর্ববর্তী মাসে চট্টগ্রাম শুল্ক ভবন কর্তৃক জারীকৃত মাসিক বিনিময় হারের গড়;  
 (ঘ) শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে পৌছানো হয়েছে কেবলমাত্র এইরূপ প্রত্যয়নপত্র ও এসএসআরএফ এর বিপরীতে বিল দাখিল করিতে হইবে; এবং  
 (ঙ) যে সকল প্রত্যয়নপত্র ও এসএসএফ বিপরীতে বিল দাখিল করা হইবে বিলের সহিত উহার বিবরণীও দাখিল করিতে হইবে।”;
- (১৭) বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে -  
 “(২) কমিশনার পরিদর্শন সংস্থার নিকট হইতে ফিসের জন্য লিখিতভাবে বিল প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, বিলে অস্তর্ভুক্ত ফিসের কোন অংশ সম্পর্কে তাঁহার আপত্তি থাকিলে উহা ব্যতীত, অবশিষ্ট ফি পরিশোধ করবেন।”;

- (১৮) পরিশিষ্ট-৮ এ উল্লিখিত “(Annual Training and Investigation Requirement)” শীর্ষক টেবিলের কলাম 1 এর Sl No. 1, 2, 3, 4 ও 5 এর বিপরীতে কলাম 4 এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে “5,5,7,7,2” এবং কলাম 5 এর এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, “7,7,7,7,5” প্রতিস্থাপিত হইবে;
- (১৯) পরিশিষ্ট-৯ এ উল্লিখিত “(Clean Report of Findings (CRF)” শীর্ষক টেবিলের Sl 12 এর কলাম হেডিং 4 ও 5 এর পরিবর্তে কলাম হেডিং “Total Quantity (kg, pices etc.)” ও “Unit of Measurement” প্রতিস্থাপিত হইবে।
- (২০) পরিশিষ্ট-১০ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট-১০ প্রতিস্থাপিত হইবে -

পরিশিষ্ট-১০  
[বিধি ১৭(১) দ্রষ্টব্য]

Non Negotiable Clean Report of Findings (NNRF)

CRF No:

01. L/C Issuing Bank:

02. LC No. and Date:

03. Buyer:

04. Seller:

05. Proforma Invoice/Indent No.

06. Date:

07. Place of Inspection:

08. Date:

09. Issued By:

10. Date:

11. Reasons for issuing NNRF

12. Advise for the concern Customs Authority (if any).

-----  
Authorised signature

০২। এই প্রজ্ঞাপণ ১ জুলাই, ২০০৭ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(বিডিউর রহমান)  
সচিব।